# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 01-04-2025 Time: 7.35 A.M.**

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) দক্ষিণ ২৪ পরগণার পাথর প্রতিমায় এক বাড়িতে, মজুত বাজি বিস্ফোরণে চার শিশু সহ ৭ জনের মৃত্যু। আহত এক।

২) রাজ্য সরকার কোনো পরিস্থিতিতেই বিভাজনের রাজনীতি বরদাস্ত করবে না বলে মুখ্যমন্ত্রী স্পষ্ট জানিয়ে দিয়েছেন। মমতা ব্যানার্জির বক্তব্য নিয়ে রাজনৈতিক তরজা শুরু হয়েছে।

৩) ২০২৫- ২৬ অর্থ বছরের শুরুতে আজ থেকে দেশজুড়ে বাড়লো জাতীয় সড়কে টোল ট্যাক্স।

৪) পঞ্চায়েতের বিভিন্ন শংসাপত্র প্রদান, বিল্ডিং প্ল্যানের ছাড়পত্র দেওয়ার মতো বারোটি নাগরিক পরিষেবা আজ থেকে অনলাইনে বাধ্যতামূলক হচ্ছে।

৫) সরকারি আধিকারিকরা এবার থেকে সুপ্রিম কোর্টের নির্দেশ মতো জেলা থেকে ভার্চুয়াল মাধ্যমে বিভিন্ন মামলায় স্বাক্ষ্য দিতে পারবেন।

৬) আইপিএল ক্রিকেটে গতরাতে মুম্বাই ইন্ডিয়ান্স, কলকাতা নাইট রাইডার্স-কে ৮ উইকেটে হারিয়ে দিয়েছে।

---

ডিসম্বরে দক্ষিণ ২৪ পরগণার ডায়মন্ড হারবার, এবছর ফেব্রুয়ারীতে নদীয়ার কল্যাণীর পরে দক্ষিণ ২৪ পরগণার পাথরপ্রতিমায় ফের বাজি বিস্ফোরণ।

জেলার ঢোলাহাটের দক্ষিণ রায়পুর গ্রাম পঞ্চায়েতের তৃতীয় ঘেরির এক বাড়িতে মজুত বাজি থেকে ভয়াবহ বিস্ফোরণে একি পরিবারের ৭ জনের মৃত্যু হয়েছে। এদের মধ্যে চারটি শিশু। জখম একজনকে ডায়মন্ড হারবার মেডিকেল কলেজে ভর্তি করা হয়েছে। গতরাতে বাজির পাশাপাশি দুটি গ্যাস সিলিন্ডারে বিস্ফোরণ হয় বলে পুলিশ সূত্রের খবর। এই দুর্ঘটনায় দুই ভাই চন্দ্রকান্ত ও তুষার বণিকের বাবা অরবিন্দ এবং ঠাকুমা প্রভাবতী বণিক, চন্দ্রকান্তের স্ত্রী সান্তনা, দুই সন্তান অর্ণব ও অস্মিতা এবং তুষারের দুই সন্তান অনুস্কা ও অঙ্কিতার মৃত্যু হয়েছে। তুষারের স্ত্রী আশঙ্কাজনক অবস্থায় হাসপাতালে ভর্তি। দুই ভাই চন্দ্রকান্ত ও তুষার বিস্ফোরণের সময় বাড়ির বাইরে ছিলেন। একটি প্রতিবেদন,

ভয়েসকাস্ট

এদিকে, এই ঘটনা সম্পর্কে পাথর প্রতিমার তৃণমূল কংগ্রেস বিধায়ক সমীর জানা বলেছেন,

বাইট

----------------

রাজ্য সরকার কোনো পরিস্থিতিতেই বিভাজনের রাজনীতি বরদাস্ত করবে না বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী স্পষ্ট জানিয়ে দিয়েছেন। গতকাল কলকাতার ইন্দিরা গান্ধী সরণীতে ঈদের নামাজ পাঠে অংশ নিয়ে বিজেপির নাম না করে তিনি বলেন, একটি বিশেষ দল রাজ্যে দাঙ্গা বাঁধানোর চেষ্টা করছে।

বাইট মমতা

এদিকে, বিজেপি মুখ্যমন্ত্রীর এই মন্তব্যের সমালোচনা করেছে। দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার বলেছেন, এই সরকার বরাবরই মুসলমানদের তোষণ করে এসেছে। ভোটের জন্যই মমতা তাদের প্রশ্রয় দিচ্ছেন বলে সুকান্তের দাবি।

বাইট সুকান্ত

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীও গতকাল নদীয়ার নাকাশি পাড়ায় এক সাংবাদিক সম্মেলনে বলেন, মুখ্যমন্ত্রীর এই ধরনের মন্তব্য ক্ষমার অযোগ্য।

সিপিআইএমও মুখ্যমন্ত্রীর সমালোচনা করেছে। ২৬-এর নির্বাচন ধর্মীয় রাজনীতিতে মুড়ে ফেলার চেষ্টা হচ্ছে বলে দলের রাজ্য কমিটির সম্পাদক মহম্মদ সেলিম দাবি করেন।

বাইট সেলিম

অন্যদিকে, রাজ্যের পুর ও নগরোন্নয়ন মন্ত্রী ফিরহাদ হাকিম বলেছেন, মানুষ উন্নয়নকেই গুরুত্ব দেয়, সাম্প্রদায়িকতা বা বিভাজনকে নয়।

প্রবীণ কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী অভিযোগ করেছেন, মমতা ব্যানার্জী ভোটের রাজনীতি করছেন।

----------------

২০২৫-২৬ অর্থ বর্ষের শুরুতে আজ থেকে দেশজুড়ে জাতীয় সড়কে টোল ট্যাক্স বৃদ্ধি পেলো। পরিবহণ দফতর সূত্রে জানা গেছে, ৫ শতাংশ হারে এই কর বৃদ্ধি করা হয়েছে। তবে, ভারী যানবাহনের ক্ষেত্রে এই হার হল ১০ শতাংশ পর্যন্ত। রাজ্যের প্রায় ৫২-টি জাতীয় সড়কে ৫৮ কিলোমিটার অন্তর টোল ট্যাক্স রয়েছে।

এইদিকে গত আট বছরে রাজ্য সরকার বেসরকারি পরিবহনের ভাড়া বৃদ্ধি না করায় তাদের ব্যবসা মার খাচ্ছে বলে জানিয়ে বর্ধিত হারে টোল ট্যাক্স না দেওয়ার জন্য

বিভিন্ন বেসরকারি বাস সংগঠন পরিবহন দপ্তরকে চিঠি দিয়ে আবেদন জানিয়েছে। এই বিষয়ে রাজ্যকে অবিলম্বে কেন্দ্রের সড়ক ও পরিবহন মন্ত্রকের সঙ্গে কথা বলার আবেদন জানানো হয়েছে।

---------------

পঞ্চায়েত স্তরে বিভিন্ন শংসাপত্র প্রদান, বিল্ডিং প্ল্যানের ছাড়পত্র দেওয়ার মতো ১২ টি নাগরিক পরিষেবা অনলাইনে দেওয়া আজ থেকে বাধ্যতামূলক হচ্ছে। স্মার্ট পঞ্চায়েত কর্মসূচির গত দুবছরে এরকমের ৩২টি পরিষেবা অনলাইন মাধ্যমে আনা হলেও এতদিন তা বাধ্যতামূলত ছিলনা।  পয়লা এপ্রিল থেকে তা আবশ্যিক হচ্ছে। ইতিমধ্যেই রাজ্যের পঞ্চায়েত দফতর জেলাগুলিকে এই মর্মে নির্দেশিকা পাঠিয়েছে। কোনও ক্ষেত্রে এর ব্যতিক্রম হলে সংশ্লিষ্ট জেলা এবং আধিকারিকের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে বলেও জানিয়ে দেওয়া হয়েছে।

---------------

কেন্দ্রীয় সরকারী কর্মীদের জন্যে উইনিফায়েড পেনশন প্রকল্প UPS, আজ থেকে কার্যকর হতে চলেছে। জাতীয় পেনশন প্রকল্প এন পি এস এর বিকল্প হিসেবে কেন্দ্র এই UPS চালু করে। পেনশন তহবিল নিয়ন্ত্রক ও উন্নয়ন কর্তৃপক্ষ , PFRDA সম্প্রতি UPS কার্যকর করার জন্যে বিভিন্ন নির্দেশিকা জারি করে।

কেন্দ্রীয় সরকারী কর্মীদের তিনটি শ্রেণী  এর আওতাভুক্ত হবেন।

---------------

রাজ্য সরকার, সময় এবং অর্থ বাঁচাতে সুপ্রিম কোর্টের নির্দেশমতো ভিডিও কনফারেন্সের মাধ্যমে সাক্ষ্য দেওয়ার জন্য জেলায় জেলায় স্থায়ী ভার্চুয়াল কক্ষ তৈরি

করছে। ইতিমধ্যেই রাজ্য জুড়ে এমন ৩৯২টি ভার্চুয়াল সাক্ষ্য দান কক্ষ তৈরি হয়েছে বলে রাজ্যের আইন ও বিচার দফতর সূত্রে জানা গিয়েছে। এর ফলে বিভিন্ন মামলায় সাক্ষী দিতে সরকারি দফতরের আধিকারিকদের আর সশরীরে আদালতে যেতে হবে না। করোনা অতিমারি পরবর্তী সময় থেকে সর্বোচ্চ আদালত, ভার্চুয়াল মাধ্যমে সাক্ষ্য গ্রহণের ওপর জোর দেওয়ায় এ ধরণের পরিকাঠামো তৈরীর গুরুত্ব বেড়েছে।

আদালতে সাক্ষ্য দেওয়ার পাশাপাশি জেলা ও রাজ্যস্তরের নানা প্রশাসনিক বৈঠকেও যোগ দেওয়া যাবে ওই ভার্চুয়াল কক্ষ থেকে।

----------------

এদিকে, গরমের ছুটির আগেই জলপাইগুড়িতে কলকাতা হাই কোর্টের সার্কিট বেঞ্চের স্থায়ী ভবনের উদ্বোধন হতে পারে। জলপাইগুড়ির গোশালা মোড়ে প্রায় ৫৩ একর জমিতে ওই ভবন তৈরি করা হয়েছে। প্রশাসনিক সূত্রে জানা গিয়েছে, প্রাথমিক ভাবে চারটি আদালত কক্ষ নিয়ে সার্কিট বেঞ্চের স্থায়ী ভবনের কাজ শুরু হবে ।

সম্প্রতি কলকাতা হাইকোর্টের ২ বিচারপতি নতুন ভবনের পরিকাঠামো খতিয়ে দেখেন।

হাইকোর্টের প্রধান বিচারপতির চূড়ান্ত পরিদর্শনের পরেই উদ্বোধনের দিনক্ষণ চূড়ান্ত হবে বলে জানা গিয়েছে।

----------------

প্রাথমিকে স্তরে পঠনপাঠনের মানোন্নয়নে অ্যাকাডেমি ক্যালেন্ডার তৈরি করছে রাজ্যের প্রাথমিক শিক্ষা পর্ষদ। তিনটি সামেটিভের জন্য তিনটি পৃথক অ্যাকাডেমিক ক্যালেন্ডার তৈরি করে এপ্রিলের শেষে তা প্রকাশ করা হবে।

পর্ষদ সূত্রে জানা গেছে, অ্যাকাডেমিক ক্যালেন্ডারে প্রতি চার মাসে কোন অধ্যায় কত দিনের মধ্যে শেষ করতে হবে, কোন কোন বিষয়ের ওপর গুরুত্ব দিতে হবে, তা সুনির্দিষ্টভাবে দেওয়া থাকবে। এর ফলে পঠনপাঠনের নির্দিষ্ট মান থাকবে বলে আশা প্রাথমিক শিক্ষা পর্ষদের।

----------------

তাপ প্রবাহের কারণে রাজ্যের বিদ্যালয়গুলিতে আগেকার ৮৫ দিনের ছুটি ফিরিয়ে বাস্তবসম্মতভাবে গরমের ছুটি বাড়ানো উচিত বলে মত প্রকাশ করেছে শিক্ষানুরাগী ঐক্য মঞ্চ। মঞ্চের সাধারণ সম্পাদক কিংকর অধিকারী বলেন, পরিকল্পনাহীনভাবে সরকারি বিদ্যালয়গুলিতে গ্রীষ্মে প্রায় দু' মাস ছুটি দেওয়া হয়। অথচ বেসরকারি স্কুলগুলি চালু থাকে। এতে পঠন পাঠন বিঘ্নিত হওয়ার কারণে সরকারি বিদ্যালয়ের প্রতি অভিভাবকদের আগ্রহ আরো কমবে বলে তিনি মনে করেন।

বঙ্গীয় প্রাথমিক শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক আনন্দ হান্ডা গ্রীষ্মের সময় সকালে স্কুলের পঠন পাঠন চালু রাখার জন্য অবিলম্বে সার্কুলার জারি করার দাবি জানান। দীর্ঘ ছুটি দেওয়ার পূর্ব শিক্ষক সংগঠন গুলির সঙ্গে মত বিনিময়ের দাবি জানান তিনি।

----------------

দক্ষিণ কলকতার চারু মর্কেট থানা এলাকায় দেশ প্রানশাসমল রোডে আবাসনের ছয়তলা থেকে এক পরিচারকের মৃতদেহ উদ্ধারের ঘটনায় পুলিশ  সাদ্দাম আলম একজনকে দক্ষিণ ২৪ পরগণার মল্লিকপুর থেকে গ্রেপ্তার করেছে।

উল্লেখ্য গত শনিবার বছর ২২-এর সঞ্জয় বাউড়ীর রক্তাক্ত দেহ উদ্ধার হয়। ধৃত খুনের সঙ্গে সরাসরি যুক্ত বলে পুলিশ সূত্রে জানা গেছে।

----------------

মুম্বইয়ের ওয়াংখেড়ে স্টেডিয়ামে গতরাতে আইপিএল-এর ম্যাচে মুম্বই ইন্ডিয়ান্স, কলকাতা নাইট রাইডার্সকে ৮ উইকেটে হারিয়ে এবারের আইপিএলে প্রথম জয় পেয়েছে। টসে জিতে মুম্বই কলকাতাকে ব্যাট করতে পাঠায়। কলকাতা ১৬ ওভার ২ বলে ১১৬ রানে সবাই আউট হয়ে যায়। অংক্রিশ রঘুবংশী ২৬, রমনদীপ সিং ২২ রান করেন। মুম্বইয়ের হয়ে আইপিএল এর অভিষেক ম্যাচে অশ্বনি কুমার চার উইকেট নেন। জয়ের জন্য ১১৭ রানের লক্ষ্য নিয়ে ব্যাট করতে নেমে মুম্বই ২ উইকেট হারিয়ে ১২ ওভার ৫ বলে লক্ষ্যে পৌঁছে যায়। রায়ান রিকেলটন ৬২ রানে, সূর্যকুমার যাদব ২৭ রানে অপরাজিত থাকেন। কলকাতার হয়ে আন্দ্রে রাসেল উইকেট দুটি নেন।

--------------- ---------------